

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫১২
আগরতলা, ১৯ মে, ২০১৭

আগরতলায় মাতৃভাষা প্রণাম দিবস উদযাপিত

বরাকের ভাষা শহীদ স্মৃতিতে আজ রবীন্দ্র শতবার্ষিকী ভবনের দ্বিতীয় প্রেক্ষাগৃহে মাতৃভাষা প্রণাম দিবস উদযাপন করা হয়। তথ্য ও সংস্কৃতি দপ্তর এই অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানের শুরুতেই শহীদ বেদীতে মাল্যদান ও পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধাজ্ঞাপন করেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের সচিব এম এল দে, অধিকর্তা মুণাল কান্তি নাথ, রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পর্ষদের অধিকর্তা তথা বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব রতীশ মজুমদার সহ শিল্পী, সাহিত্যিক, কবি ও বিশিষ্টজনেরা। মাতৃভাষা প্রণাম দিবসের এই অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে তথ্য ও সংস্কৃতি দপ্তরের সচিব এম এল দে বলেন, রাজ্য সরকার সকল ভাষার উন্নয়নে কাজ করছে। ভাষা হচ্ছে একটি শক্তিশালী মাধ্যম। সারা পৃথিবীতে প্রায় ৭০০০ ভাষা আছে। ভাষা আমাদের ভাব প্রকাশের মাধ্যম। তাই সকল ভাষাকে সমান মর্যাদা দেওয়া উচিত। বিশেষ অতিথির ভাষণে রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পর্ষদের অধিকর্তা রতীশ মজুমদার ভাষা আন্দোলন ও ভাষা শহীদদের ইতিহাস সবিস্তারে তুলে ধরেন। তিনি বলেন, বিশ্বায়নের প্রভাবে অনেক ভাষা আজ পৃথিবী থেকে হারিয়ে যেতে বসেছে। অথচ আমাদের রাজ্যে রাজ্য সরকার মণিপুরী, মগ, চাকমা, ত্রিপুরী, হালাম প্রভৃতি ভাষার উন্নয়ন ও প্রসারে কাজ করছে।

স্বাগত ভাষণে তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা মুণাল কান্তি নাথ বলেন, ভাষা শহীদদের স্মরণে রাজ্যের মূল অনুষ্ঠান আয়োজিত হয়েছে ধর্মনগরে। তিনি বলেন, আমরা চাই সব ভাষার সমান বিকাশ ও মর্যাদা। আজকের অনুষ্ঠানে বিভিন্ন ভাষাভাষির ২০ জন কবি স্বরচিত কবিতা পাঠ করেন। তথ্য ও সংস্কৃতি দপ্তরের শিল্পীগণ উদ্বোধনী সংগীত পরিবেশন করেন। বহুভাষিক কবি সম্মেলনটি সঞ্চালনা করেন বিশিষ্ট কবি কল্যাণ গুপ্ত।

উদ্বোধনী অনুষ্ঠানের পর আয়োজিত হয় বর্ণময় সাংস্কৃতিক অনুষ্ঠান। অনুষ্ঠানে বহু শিল্পী, সাহিত্যিক, কবি ও গুণীজন উপস্থিত ছিলেন।
